গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি) মহান জাতীয় সংসদের আইন দ্বারা সৃষ্ট একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education নামে আন্তর্জাতিক মানের একটি মানদন্ড প্রণয়ন করেছে, যা বাংলাদেশের ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা হচ্ছে।এদেশের ভেটেরিনারি পেশার গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমিত্ত এবং ভেটেরিনারি শিক্ষার মান নিয়ন্ত্রণের জন্য “দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২”কে সংশোধন ও সংযোজনের মাধ্যমে ২০১৯ সালের ১০ই জুলাই “বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৯” নামে একটি আইন জারি করা হয়েছে। বিগত ৩ বছরে কাউন্সিল ১৭২৮ জন ভেটেরিনারিয়ানকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) ও ১৭৯৮ টি প্র্যাকটিশনার্স আইডি কার্ড (পিআইসি) প্রদান করেছে। তাছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য মোট ৮৯৪ জন রেজিস্টার্ড ভেটেরিনারি কর্মশালায় ও ৬৩৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কাউন্সিলের অনুকূলে ১০ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণের একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। উক্ত প্রকল্পে কাউন্সিলের ব্যবহারের জন্য পর্যাপ্ত অফিস কক্ষ ছাড়াও, প্রশিক্ষণ কেন্দ্র, অডিটরিয়াম, কনফারেন্স রুম এবং লাইব্রেরি সৃষ্টি হয়েছে। তাছাড়া জনবল বৃদ্ধির লক্ষ্যে ৬২টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ভেটেরিনারি শিক্ষায় সমতা আনয়ন, শিক্ষার সুযোগসুবিধা নিশ্চিতকরা, অধিক কারিগরি জ্ঞানসম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি নিশ্চিত করা, পেশার গুণগত মান বজায় রাখা, পেশাজীবীদের মধ্যে শৃঙ্খলা রক্ষা করা, পেশাজীবীদের কারিগরি জ্ঞানকে সময়োপযোগী করা, চলমান শিক্ষা কার্যক্রম এবং ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান তদারকি করা অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়নে শিক্ষার মানদন্ডের বাস্তবায়ন, শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি বৃদ্ধি, কোর্সক্যারিকুলামে সমতা আনয়ন, পেশাজীবীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন, ইথিক্যাল মানদন্ড বজায় রাখা, পেশাজীবীদের চলমান শিক্ষা কার্যক্রম (CE) চালু রাখা, নারী ভেটেরিনারিয়ানের সংখ্যা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ সামগ্রিক শৃঙ্খলা আনয়ন।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৫০০ জন ডিভিএম ডিগ্রীধারীকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) প্রদান।
- ভেটেরিনারি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য ৪টি প্রতিষ্ঠানে মানদন্ড বাস্তবায়ন তদারকি, আসন সংখ্যা বৃদ্ধির জন্য ৪টি প্রতিষ্ঠানে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা এবং কারিগরি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৪টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (ভি,ই,আই) পরিদর্শন।
- দক্ষতা বৃদ্ধির জন্য ৪০০ জন ভেটেরিনারিয়ানকে প্রশিক্ষণ প্রদান এবং ৬০০ জন ভেটেরিনারিয়ানের অংশগ্রহণে সেমিনার/কর্মশালা আয়োজন।
- ৫৫০ জন পেশাজীবীকে পরিচয় পত্র (পি,আই,সি) প্রদান।
- ২৪ টি প্র্যাকটিস কেন্দ্র (পি,সি) পরিদর্শন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)
দক্ষ প্র্যাকটিশনার দ্বারা প্রাণির মানসম্মত স্বাস্থ্য সেবা (ভেটেরিনারি সার্ভিস) প্রদান নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান নিয়ন্ত্রণের মাধ্যমে যথাযথ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র
#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবী নিশ্চিত করা;
২. ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা;
৩. ভেটেরিনারি পেশাজীবীদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা;
৪. কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি করা;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ভেটেরিনারি প্র্যাকটিশনার এবং প্যারাভেটদের নিবন্ধন ও সনদ প্রদান এবং বাতিল, নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ-সুবিধা সংরক্ষণ;
২. ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নিবন্ধন, নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ-সুবিধা সংরক্ষণকরা;
৩. ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ ও নীতিমালা প্রণয়ন এবং উহার উন্নয়নের জন্য গবেষণা ও সম্প্রসারণের ব্যবস্থা করা ;
৪. ভেটেরিনারি পেশা ও পেশাজীবীদের দক্ষতা সময়োপযোগী করা এবং রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানদের উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ বা বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
৫. অপেশাজনিত বা অনৈতিক কাজে লিপ্ত ভেটেরিনারিয়ান ও নন-ভেটেরিনারিয়ানদের মধ্যে শৃংখলা বজায় রাখা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ভেটেরিনারি পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি | রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | সংখ্যা (জন/বছর) | ৪৯৮ | ৭১১ | ৫০০ | ৫২০ | ৫৫০ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| পেশাজীবীর কারিগরী দক্ষতা বৃদ্ধি | প্রশিক্ষণপ্রাপ্তভেটেরিনারিপেশাজীবী/ইন্টার্ণ শিক্ষার্থী | সংখ্যা (জন/বছর) | ২২৫ | ২৪০ | ৪০০ | ৪৫০ | ৫০০ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| পেশাজীবীর কারিগরী দক্ষতা বৃদ্ধি | সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারী ভেটেরিনারি পেশাজীবী | সংখ্যা (জন/বছর) | ৩৩৩ | ৩৭৩ | ৬০০ | ৬৫০ | ৭০০ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবী নিশ্চিত করা; | ২৫ | [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪৯৮ | ৫৫৪ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৫২০ | ৫৩০ |
| | | [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ৫ | ২০ | ২১ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৫ | ২৬ |
| | | [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪৯৮ | ৫৫৪ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৫২০ | ৫৩০ |
| | | [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামুল্যে চিকিৎসা ও টিকা প্রদান । | [১.৪.১] চিকিৎসা ও টিকা প্রদানকৃত কেন্দ্রের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫২৬২ | ৬১০৬ | ৫ | ৪ | ৩ | | | ৬ | ৭ |
| [২] ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা; | ২০ | [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৪ | ৩ | | | | ৪ | ৫ |
| | | [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৪ | ৩ | | | | ৪ | ৫ |
| | | [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | [২.৩.১] উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৪ | ৩ | | | | ৪ | ৫ |
| | | [২.৪] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে পোস্টার বা লিফলেট বিতরণ | [২.৪.১] পোস্টার বা লিফলেট বিতরণকৃত শিক্ষা প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৩ | ৬ | ৪ | ৭ | ৫ | ৩ | | | ৭ | ৭ |
| | | [২.৫] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে শিক্ষা প্রতিষ্ঠানে অবহিতকরণ সভা আয়োজন করা | [২.৫.১] অনুষ্ঠিত অবহিতকরণ সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ১ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] ভেটেরিনারি পেশাজীবীদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা; | ১৫ | [৩.১] ভেটেরিনারি পেশাজীবী/ইন্টার্ণ শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী/ইন্টার্ণ শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৫ | ২২৫ | ২৪০ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | ৩৭০ | ৩৬০ | ৪৫০ | ৫০০ |
| | | [৩.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারী ভেটেরিনারি পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩৩৩ | ৩৭৩ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ | ৫২০ | ৬৫০ | ৭০০ |
| | | [৩.৩] “স্মার্ট ভেটেরিনারিয়ান, স্মার্ট বাংলাদেশ” বিষয়ে উদ্বুদ্ধকরণ সভা | [৩.৩.১] অনুষ্ঠিত উদ্বুদ্ধকরণ সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ২ | ১ | | | | ২ | ৩ |
| [৪] কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি করা; | ১০ | [৪.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৪.১.১] পরিচয়পত্র প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫৩০ | ৫৮০ | ৫৫০ | ৫৪০ | ৫৩০ | ৫২০ | ৫১০ | ৫৭০ | ৫৮০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ..................................... | 25/06/2026 |
| রেজিস্ট্রার জেনারেল<br>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | তারিখ |
| ..................................... | 25/6/2026 |
| সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরভি | রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান |
| ২ | এফআরভি | ফিমেল রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান |
| ৩ | ওআইই (OIE) | বিশ্ব প্রাণিস্বাস্থ্য সংস্থা (Office International Des Epizooties) |
| ৪ | ডিএলএস | ডিপার্টমেন্ট অব লাইভস্টক সার্ভিসেস |
| ৫ | ডিভিএম | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন |
| ৬ | পিআইসি | প্র্যাকটিশনার্স আইডি কার্ড |
| ৭ | পিসি | প্র্যাকটিস কেন্দ্র |
| ৮ | বিভিসি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |
| ৯ | ভিইআই | ভেটেরিনারি এডুকেশন ইনস্টিটিউট |
| ১০ | ভিএস | ভেটেরিনারি সেবা / ভেটেরিনারি সার্জন |
| ১১ | ভিপিআর | ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | প্রশাসন শাখা | রেজিস্ট্রেশন প্রাপ্ত পেশাজীবীদের সাময়িক সনদের ফটোকপি (প্রতিবেদনাধীন সময়ের প্রথম কপি ও শেষ কপি ) |
| [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | প্রশাসন শাখা | পরিদর্শন প্রতিবেদন |
| [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | প্রশাসন শাখা | শপথ গ্রহণ পত্র (প্রতিবেদনাধীন সময়ের প্রথম কপি ও শেষ কপি ) |
| [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামুল্যে চিকিৎসা ও টিকা প্রদান। | [১.৪.১] চিকিৎসা ও টিকা প্রদানকৃত কেন্দ্রের সংখ্যা | প্রশাসন শাখা | চিকিৎসা প্রদানকৃত সংশ্লিষ্ট প্র্যাকটিস কেন্দ্রের প্রতিবেদন। |
| [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | প্রশাসন শাখা | সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | প্রশাসন শাখা | সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | [২.৩.১] উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | প্রশাসন শাখা | সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [২.৪] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে পোস্টার বা লিফলেট বিতরণ | [২.৪.১] পোস্টার বা লিফলেট বিতরণকৃত শিক্ষা প্রতিষ্ঠান | প্রশাসন শাখা | পোস্টার বা লিফলেট এর ছবি |
| [২.৫] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে শিক্ষা প্রতিষ্ঠানে অবহিতকরণ সভা আয়োজন করা | [২.৫.১] অনুষ্ঠিত অবহিতকরণ সভা | প্রশাসন সংখ্যা | সভায় উপস্থিতির তালিকা |
| [৩.১] ভেটেরিনারি পেশাজীবী/ইন্টার্ণ শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী/ইন্টার্ণ শিক্ষার্থী | প্রশাসন শাখা | প্রশিক্ষণের অফিস আদেশ বা পত্র এবং প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী/ইন্টার্ণী শিক্ষার্থীদের উপস্থিতির তালিকা। |
| [৩.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারী ভেটেরিনারি পেশাজীবী | প্রশাসন শাখা | প্রশিক্ষণের অফিস আদেশ বা পত্র এবং কর্মশালায় অংশগ্রহণকারীদের উপস্থিতির তালিকা। |
| [৩.৩] "স্মার্ট ভেটেরিনারিয়ান, স্মার্ট বাংলাদেশ" বিষয়ে উদ্ধুদ্ধকরণ সভা | [৩.৩.১] অনুষ্ঠিত উদ্ধুদ্ধকরণ সভা | প্রশাসন শাখা | সভায় উপস্থিতির তালিকা |
| [৪.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৪.১.১] পরিচয়পত্র প্রাপ্ত পেশাজীবী | প্রশাসন শাখা | পরিচয় পত্র প্রাপ্ত পেশাজীবীদের তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ভেটেরিনারি প্র্যাকটিসকেন্দ্রে কি মানের ভেটেরিনারি সেবা প্রদান করছে, প্রাণিকল্যাণ ও ইথিক্যাল মানদন্ড মেনে চলছে কিনা তা পরিদর্শন ও তদারকির মাধ্যমে মূল্যায়ন করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ভেটেরিনারি শিক্ষার চাহিদা বেশি থাকাতে ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের আসন সংখ্যা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভেটেরিনারি শিক্ষার মানদন্ডের আলোকে প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ, কর্মশালা, সেমিনার ইত্যাদির মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | বাংলাদেশে বর্তমানে ১০টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিভিএম ডিগ্রী প্রদান করা হচ্ছে এবং আরও ৩টি প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education প্রনয়ন করেছে। উক্ত মানদন্ডের আলোকে প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল/কর্মকর্তা বিশ্ববিদ্যালয় পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষার ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা, লাইব্রেরী, ল্যাবরেটরী,খামার ও টিচিং ভেটেরিনারি হাসপাতাল ইত্যাদি আছে কিনা এবং কি মানের হাতে-কলমে শিক্ষা দেওয়া হচ্ছে তা সরজমিনে পরিদর্শন করা । ভেটেরিনারি শিক্ষার মানদন্ডের আলোকে প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে পোস্টার বা লিফলেট বিতরণ | পোস্টার বা লিফলেট বিতরণকৃত শিক্ষা প্রতিষ্ঠান | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | নারী শিক্ষার প্রসার ও নারীর ক্ষমতায়ন এস.ডি.জি-এর অন্যতম লক্ষ্য। তাই ভেটেরিনারি শিক্ষায় নারীর অংশ গ্রহণ বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য উচ্চ মাধ্যমিক পর্যায়ের নারী শিক্ষার্থীদের অবগত করার জন্য পোস্টার বা লিফলেট বিতরণ , প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ও ব্যক্তিগত মত বিনিময়ের মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসারে শিক্ষা প্রতিষ্ঠানে অবহিতকরণ সভা আয়োজন করা | অনুষ্ঠিত অবহিতকরণ সভা | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | নারী শিক্ষার প্রসার ও নারীর ক্ষমতায়ন এস.ডি.জি-এর অন্যতম লক্ষ্য। তাই ভেটেরিনারি শিক্ষায় নারীর অংশ গ্রহণ বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য উচ্চ মাধ্যমিক পর্যায়ের নারী শিক্ষার্থীদের অবহিতকরণ সভার মাধ্যমে ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ করা প্রয়োজন। এতে ভেটেরিনারি শিক্ষার প্রসারের সাথে সাথে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে অবহিতকরণ সভা করে কার্যক্রম সমন্বয় করা হবে। |